গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, ময়মনসিংহ
(রাজস্ব শাখা)

নম্বর : ০৫.৪৫.৬১০০.০২৪.২৫.০০৪.২৪- ৯৬৫

তারিখ: ১৬ বৈশাখ, ১৪৩২
২৯ এপ্রিল, ২০২৫

## ভূমিসেবা সহায়তা কেন্দ্র স্থাপনের অনুমতি প্রাপ্তির আবেদন দাখিলের জন্য বিজ্ঞপ্তি

এতদ্দ্বারা নিম্নবর্ণিত যোগ্যতা সম্পন্ন ব্যক্তি ও ব্যবসায়ী প্রতিষ্ঠানের নিকট হতে নাগরিকদের জনবান্ধব ভূমিসেবা প্রদানে সহায়তা প্রদানে অনুমতিপত্র পাওয়ার জন্য আগ্রহী ব্যক্তিদের নিকট হতে নির্দিষ্ট ফরমে আবেদন আহবান করা যাচ্ছে। বিজ্ঞপ্তি প্রকাশের দিন হতে আগামী ০৬/০৫/২০২৫ তারিখ পর্যন্ত অফিস চলাকালীন নির্দেশিত ওয়েবপেজ (www.mymensingh.gov.bd) হতে আবেদন ফরম ডাউনলোড করে এ কার্যালয়ের রাজস্ব শাখায় দাখিল করতে হবে। ফরমে উল্লিখিত সকল কাগজপত্রের ফটোকপি আবেদনের সাথে দাখিল করতে হবে।

### আবেদনকারীর যোগ্যতা:

অনুমতিপত্র প্রাপ্তির জন্য যোগ্য আবেদনকারীর:

১. ন্যূনতম কম্পিউটার/মোবাইল এপ্লিকেশন সফটওয়্যার, ইন্টারনেট ব্রাউজিং, ডেটা নিরাপত্তা বিষয়ে জ্ঞান ও অভিজ্ঞতা থাকতে হবে। তবে, কম্পিউটার সংশ্লিষ্ট বিষয়ে সরকার স্বীকৃত প্রতিষ্ঠান হতে ডিপ্লোমা বা স্নাতক ডিগ্রিধারীদের বা সরকারি অন্যান্য দপ্তরের অনুরূপ সেবাদানকারী প্রতিষ্ঠান পরিচালনাকারীদের অগ্রাধিকার দেওয়া যাবে;

২. কেন্দ্রের মোট সহায়তাকারীদের ন্যূনতম এক তৃতীয়াংশ নারী হতে হবে, তবে অনুচ্ছেদ ১ এ বর্ণিত যোগ্যতাসম্পন্ন নারী সহায়তাকারী না পাওয়া গেলে এ শর্ত শিথিলযোগ্য হবে;

৩. এই নির্দেশিকার অধীনে নিজ ব্যয়ে এলএসএফসি স্থাপনের ও পরিচালনার আর্থিক ও জনবলগত সক্ষমতা থাকতে হবে;

৪. নিজস্ব ভূমি বা চুক্তিমূলে ন্যূনতম ২ বছর মেয়াদে এলএসএফসি স্থাপনের জন্য অন্যূন মোট ৮০ (আশি) বর্গফুট মেঝে সম্পন্ন স্থাপনা প্রয়োজন হবে;

৫. কম্পিউটার/মোবাইল এপ্লিকেশন সফটওয়্যার, ইন্টারনেট ব্রাউজিং বিষয়ে জ্ঞানসম্পন্ন প্রয়োজনীয় সংখ্যক কম্পিউটার কর্মী নিয়োজিত করতে হবে এবং এ ক্ষেত্রে যোগ্যতাসম্পন্ন নারী কম্পিউটার কর্মী নিয়োগে অগ্রাধিকার দিতে হবে;

৬. সহায়তাকারী ও তার নিয়োজিত কম্পিউটার কর্মীগণ কোনভাবেই ফৌজদারি অপরাধে চার্জশিটভুক্ত বা দণ্ডপ্রাপ্ত ব্যক্তি হবেন না;

৭. সহায়তাকারীকে সকল ব্যাংকের মোবাইল ব্যাংকিং বা মোবাইল ফাইন্যান্সিয়াল সার্ভিসের হিসাবভুক্ত হতে হবে;

৮. এলাকাভেদে উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত হালনাগাদকৃত ট্রেড লাইসেন্স থাকতে হবে;

৯. কেন্দ্রে বিদ্যুৎ সংযোগ ও ন্যূনতম ১০ এমবিপিএস গতি সম্পন্ন ইন্টারনেট কানেক্টিভিটি এবং বিকল্প বিদ্যুৎ সরবরাহের ব্যবস্থা থাকতে হবে;

১০. সহায়তাকারীর নিজ নামে ও নিজ এনআইডি এর আওতায় প্রয়োজনীয় সংখ্যক মোবাইল সিম থাকতে হবে;

১১. সরকার অনুমোদিত ডিজিটাল তথ্য নিরাপত্তা সংশ্লিষ্ট বিধি বিধানের অধীনে নাগরিকের উপাত্ত (data) সুরক্ষা বিষয়ে সক্ষমতা থাকতে হবে;

১২. আবেদনকারীকে আবেদনের সাথে আবেদনে বর্ণিত সকল কাগজাদি সংযুক্ত করতে হবে।

(মুফিদুল আলম)
জেলা প্রশাসক
ময়মনসিংহ
ফোন: ০২-৯৯৬৬৬৫৭৭৭
ই-মেইল: dcmymensingh@mopa.gov.bd

স্মারক নম্বর : ০৫.৪৫.৬১০০.০২৪.২৫.০০৪.২৪- ৯৬৫ (২০)

তারিখ: ১৬ বৈশাখ, ১৪৩২
২৯ এপ্রিল, ২০২৫

অনুলিপি : সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে।

১. সিনিয়র সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২. বিভাগীয় কমিশনার, ময়মনসিংহ বিভাগ, ময়মনসিংহ।

৩. জেলা প্রশাসক, ময়মনসিংহ।

৪. উপজেলা নির্বাহী অফিসার, ........................................................ (সকল), ময়মনসিংহ (তার অফিসের নোটিশ বোর্ড, ওয়েব পোর্টাল, ফেসবুক ইত্যাদিসহ মাধ্যমসহ ব্যাপক প্রচারের অনুরোধসহ)

৫. সহকারী কমিশনার (ভূমি), ........................................................ (সকল), ময়মনসিংহ (তার অফিসের নোটিশ বোর্ড, ওয়েব পোর্টাল, ফেসবুক ইত্যাদিসহ মাধ্যমসহ ব্যাপক প্রচারের অনুরোধসহ)

৬. অফিস কপি/নোটিশ বোর্ড।

২৯/৪/২৫

অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব)
ময়মনসিংহ
ফোন: ০২-৯৯৬৬৬৫৭৩১

বরাবর
জেলা প্রশাসক
ময়মনসিংহ

বিষয় : ভূমিসেবায়  এলএসএফসি পরিচালনার জন্য অনুমতিপত্র প্রাপ্তির আবেদন।

মহোদয়

আমি নিম্নস্বাক্ষরকারী.......................................................................ভূমিসেবা সহায়তাকারী হিসাবে এলএসএফসি পরিচালনার অনুমতিপত্র প্রাপ্তির জন্য ছক অনুসারে তথ্য প্রদান করে ও প্রয়োজনীয় কাগজাদি সংযুক্তি করে আবেদন করছি।

| | | | |
|---|---|---|---|
| ১। | আবেদনকারীর নাম ও যোগাযোগের ঠিকানা : | | |
| | মোবাইল নম্বর | ইমেইল (যদি থাকে) : | |
| | | | |
| ২। | এনআইডি নম্বর : | টিআইএন :<br>ভ্যাট রেজি. নম্বর : | |
| | কোন ব্যবসায়ী/পেশাজীবী সমিতিরি সদস্য হলে তার নাম : | | |
| | | | |
| ৩। | প্রস্তাবিত ভূমিসেবা সহায়তা কেন্দ্রের/ এলএসএফসি'র অবস্থা: | জেলা:<br>উপজেলা/থানা/সার্কেল :<br>ইউনিয়ন/পৌরসভা: | |
| | কেন্দ্র উপযোগী স্থাপনা পরিচালনাধীন থাকলে তার বিবরণী : | | |
| | | | |
| ৪। | সেবাসহায়তা কেন্দ্রে লোকবল : | কম্পিউটার কর্মী : জন<br>কেন্দ্র ইনচার্জ : জন | |
| ৫। | কেন্দ্রে ব্যবহার্য ডিভাইস | কম্পিউটার: টি প্রিন্টার : টি<br>ল্যাপটপ : টি স্ক্যানার : টি<br>ইন্টারনেট সংযোগের উৎস :<br>অভ্যন্তরীণ নিরাপত্তায় ব্যবহৃত যন্ত্রাদি :<br>বিদ্যুতের উৎস ও বিকল্প উৎস আছে কিনা :<br>অন্যান্য যন্ত্রাদি (নামসহ উল্লেখ করুন): | |
| | | | |
| ৬। | নাগরিকের সুবিধাদি (সংক্ষেপে উল্লেখ করুন): | | |
| | | | |

| | | |
|---|---|---|
| ৭। | নাগরিকের তথ্য ও রেকর্ড সুরক্ষার পরিকল্পনা (সংক্ষেপে উল্লেখ করুন): | |
| | | |
| ৮। | জরুরি যোগাযোগ বিকল্প ব্যক্তির নাম, ইমেইল ও মোবাইল নম্বর : | |

উপরের সকল তথ্য সঠিক। এ সব তথ্য বিবেচনা করে অনুমতিপত্রধারী হিসাবে নিয়োগপ্রাপ্ত হলে নির্দেশিকার সকল শর্ত মেনে চলবো এবং দেশে বলবৎ আইন ও সরকারের আইনগত আদেশ প্রতিপালন করবো।

নাম :

স্বাক্ষর :

ঠিকানা :

তারিখ : :

মোবাইল :

নম্বর :

সংযুক্তি :

ক) ট্রেড লাইসেন্স।

খ) টিআইএন ও ভ্যাট রেজিস্ট্রেশনের সনদ (যদি থাকে)

গ) আবেদনকারীর ০২ (দুই) কপি ছবি

ঘ) এনআইডি'র কপি

ঙ) স্থাপনার মালিকানার দলিল বা চুক্তিনামা